অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

শিক্ষার্থীদের ঋণ পরিশোধের জন্য প্রদত্ত ফেডারেল ত্রাণ-এর সাথে সম্পর্কিত স্ক্যাম সম্পর্কে সচেতন থাকার জন্য নিউ ইয়র্কবাসীদের প্রতি গভর্নর হোকলের সনির্বন্ধ অনুরোধ

শিক্ষার্থীদের ঋণ পরিশোধের জন্য আর্থিক সহায়তা প্রদান করার সাম্প্রতিক ঘোষণার পরে স্ক্যামের পরিমাণ বৃদ্ধি পেয়েছে

শিক্ষার্থী ঋণ গ্রহীতাদেরকে শুধু আস্থাভাজন সরকারি ওয়েবসাইট ব্যবহার করা এবং শিক্ষার্থী ঋণ পরিশোধের জন্য ত্রাণ প্রদানের অযাচিত কোনো অনুরোধে সাড়া না দেওয়ার কথা মনে করিয়ে দেওয়া হচ্ছে

সম্প্রতি ঘোষণা করা শিক্ষার্থীদের ঋণ পরিশোধের জন্য ত্রাণ প্রদানের পরিকল্পনার সুযোগ অন্যায়ভাবে কাজে লাগিয়ে স্ক্যামারদের দ্বারা ঋণ গ্রহীতাদের অর্থ এবং ব্যক্তিগত তথ্য চুরির বিষয়টি সম্পর্কে ভোক্তাদের সচেতন করতে আজ গভর্নর ক্যাথি হোকল একটি সতর্কবার্তা জারি করেছেন। স্ক্যামাররা সরকারি সংস্থাগুলোর নাম ব্যবহার করে এবং শিক্ষার্থীদের ঋণ পরিশোধের জন্য প্রদত্ত ত্রাণ তাৎক্ষণিকভাবে প্রদান করার প্রতিশ্রুতি দিয়ে একটি জরুরি অবস্থার অনুভূতি তৈরি করছে। ঋণগ্রহীতাদেরকে মনে করিয়ে দেওয়া হচ্ছে যে এই নতুন ত্রাণ পরিকল্পনার সাথে সম্পর্কিত যেকোনো জালিয়াতির ব্যাপারে সতর্ক থাকা, ভালোভাবে অবহিত হওয়া এবং মোকবেলার জন্য প্রস্তুত থাকা গুরুত্বপূর্ণ। গতকাল, স্টেটজুড়ে ফেডারেল পাবলিক সার্ভিস ঋণ মওকুফ (Public Service Loan Forgiveness) কর্মসূচির অ্যাক্সেস সম্প্রসারণ ও সহজীকরণের জন্য গভর্নর হোকল আইন স্বাক্ষর করেছেন। এই নতুন আইন PSLF অ্যাক্সেস করার জন্য কোনটি পূর্ণকালীন কর্মসংস্থান হিসেবে উপযুক্ত বিবেচিত হবে তা প্রতিষ্ঠা করছে, এবং পাবলিক সার্ভিস নিয়োগকারীদেরকে কর্মীদের পক্ষ থেকে কর্মসংস্থানের সত্যায়ন প্রদান করার অনুমতি দিচ্ছে, যা এই কর্মসূচির জন্য আবেদন করার এবং এটি অ্যাক্সেস করার উল্লেখযোগ্য প্রতিবন্ধকতা দূর করছে।

"নিউ ইয়র্কবাসীরা তাদের উপার্জিত প্রতিটি ডলারের জন্য কঠোর পরিশ্রম করে থাকেন এবং শিক্ষার্থীদের ঋণ মওকুফ পরিকল্পনা পর্বতসম ঋণের বোঝা কমিয়ে আনতে সাহায্য করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে," **বলেছেন গভর্নর হোকল।** "দুর্ভাগ্যবশত, বিবেকহীন ব্যক্তি ও স্ক্যামাররা এটিকে অন্যদের কাছ থেকে অন্যায় সুবিধা গ্রহণের একটি সুযোগ হিসেবে ব্যবহার করছে। আজ, আমরা স্ক্যামারদের জানিয়ে দিচ্ছি যে, আমরা তোমাদেরকে কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের কাছ থেকে অন্যায় সুবিধা গ্রহণের সুযোগ দিব না। এসব

দুষ্কৃতিকারীর কর্মকাণ্ড বন্ধ করে দেওয়ার জন্য আমি সবাইকে সতর্ক থাকতে এবং অবহিত থাকতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

শিক্ষার্থীদের জন্য ফেডারেল ত্রাণ পরিকল্পনা সম্পর্কে আপনার যা জানা প্রয়োজন:
24 আগস্ট, 2022 তারিখে, বাইডেন প্রশাসন কর্মজীবী ও মধ্যবিত্ত শ্রেণির ফেডারেল শিক্ষার্থী ঋণ গ্রহীতাদেরকে সাহায্য করার জন্য তিন-ধাপবিশিষ্ট একটি পরিকল্পনা ঘোষণা করে। এই পরিকল্পনার মধ্যে রয়েছে:

1. শিক্ষার্থীদের ঋণ পরিশোধ স্থগিতকরণ চূড়ান্ত বারের মতো 31 ডিসেম্বর, 2022 তারিখ পর্যন্ত সম্প্রসারণ, এবং উপযুক্ত ব্যক্তিদের জন্য সর্বোচ্চ 20,000 ডলার পর্যন্ত ঋণ মওকুফ করা
2. পাবলিক সার্ভিস ঋণ মওকুফ কর্মসূচি উন্নত করা এবং নিম্ন- ও মধ্যম-আয়ের ঋণগ্রহীতাদের জন্য ভবিষ্যতের মাসিক অর্থ পরিশোধের পরিমাণ কমিয়ে আনতে একটি নতুন আয়-ভিত্তিক ঋণ পরিশোধ পরিকল্পনা তৈরি করা।
3. ভবিষ্যত শিক্ষার্থীদের সুরক্ষিত রাখতে কলেজে পড়াশোনার ব্যয় কমানো।

যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগ (Department of Education) শিক্ষার্থী ঋণ কর্মসূচির উন্নয়ন বাস্তবায়নের জন্য দ্রত গতিতে কাজ করছে, তবে আরো বিস্তারিত তথ্য আগামীতে প্রকাশ করা হবে। শিক্ষা বিভাগ আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ রয়েছে তা নিশ্চিত করতে এবং নতুন তথ্য লভ্য হলে তখন সতর্কবার্তা পাওয়ার জন্য সাইন আপ করতে আপনার StudentAid.gov অ্যাকাউন্টে লগ-ইন করার পরামর্শ দিচ্ছে।

কিভাবে শিক্ষার্থীদের ঋণ মওকুফ কর্মসূচির সাথে সম্পর্কিত স্ক্যাম এড়িয়ে চলবেন:

1. **আস্থাভাজন তথ্য ও উৎস খুঁজুন।** সহায়তা চাওয়ার সময় শুধু ".gov" ওয়েবসাইটগুলোতে যান। যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগ সম্প্রতি ঋণগ্রহীতাদেরকে এই কর্মসূচি সম্পর্কে নির্ভুল ও হালনাগাদ তথ্যসমূহ এক জায়গায় প্রদান করতে একটি ওয়েবপেইজ চালু করেছে। এই সাইটে প্রবেশ করলে, ঋণগ্রহীতারা শুধু সাধারণ তথ্যই নয় বরং বিস্তারিত তথ্য সহ একটি বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি সেকশনও পাবেন যেখানে শিক্ষার্থীদের ঋণ পরিশোধের জন্য ত্রাণ প্রদান পরিকল্পনা সম্পর্কিত তথ্য প্রদান করা হয়েছে।
2. **আপনাকে সময়ের আগে বা বিশেষ অ্যাক্সেস প্রদান করা, অথবা নিশ্চিতভাবে উপযুক্ত হওয়ার প্রতিশ্রুতি প্রদান করে এমন কোনো ব্যক্তি বা কর্মসূচিকে বিশ্বাস করবেন না।** কোনো কোম্পানি আপনার সাথে যোগাযোগ করে বলতে পারে যে তারা আপনাকে একটি ফি এর বিনিময়ে ঋণ খারিজ, মওকুফ, বাতিল করতে, অথবা ঋণ পরিশোধের জন্য ত্রাণ পেতে সাহায্য করবে। এছাড়া তারা আপনাকে যথাসময়ের আগে আবেদন করতে সাহায্য করার প্রস্তাবও দিতে পারে। ঋণ মওকুফের জন্য আবেদনের সুযোগ অক্টোবর মাসের শুরুতে উন্মুক্ত হবে এবং যথাসময়ের আগে অ্যাক্সেস পাওয়ার কোনো সুযোগ নেই, এবং আপনার ফেডারেল শিক্ষার্থী সহায়তার ব্যাপারে সাহায্য

পাওয়ার জন্য আপনাকে কখনোই অর্থ প্রদান করতে হবে না। যদি আপনি এসব অফারের কোনোটি পান, তাহলে এটি একটি স্ক্যাম।

3. **আপনার সঙ্গে যোগাযোগ করা কোনো ব্যক্তিকে আপনার ব্যক্তিগত তথ্য, ফেডারেল শিক্ষার্থী সহায়তা আইডি অথবা সোশ্যাল সিকিউরিটি নম্বর দেবেন না।** শিক্ষা বিভাগ থেকে এই উদ্যোগের ব্যাপারে কেউ আপনাকে ফোন করবে না বা টেক্সট করবে না। আপনি শুধু যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের সঙ্গে কাজ করছেন তা নিশ্চিত করুন এবং কখনো অন্য কারো কাছে আপনার ব্যক্তিগত তথ্য বা অ্যাকাউন্টের পাসওয়ার্ড প্রকাশ করবেন না। ঋণগ্রহীতাদের কাছে পাঠানো প্রকৃত ইমেইলগুলো শুধু noreply@studentaid.gov ঠিকানা থেকে আসবে।
4. **যদি আপনি কোনো স্ক্যামের মুখোমুখী হন, তাহলে সেটি সম্পর্কে রিপোর্ট করুন।** অভিযোগ দায়ের করতে ফেডারেল শিক্ষার্থী সহায়তার অফিসিয়াল ওয়েবসাইটে যোগাযোগ করুন অথবা ফেডারেল ট্রেড কমিশনে যোগাযোগ করুন। যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগ এখানে বাড়তি পরামর্শ ও সংস্থানসমূহ প্রদান করছে।

সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "বহু নিউ ইয়র্কবাসী তাদের শিক্ষার্থী ঋণ পরিশোধ করতে সংগ্রাম করে যাওয়ার এই সময়ে, স্ক্যামাররা অবিলম্বে শিক্ষার্থী ঋণ পরিশোধের জন্য ত্রাণ পাওয়ার নিদারুণ প্রয়োজনের সম্মুখীন এসব ঋণগ্রহীতাকে তাদের শিকার হিসেবে বেছে নিচ্ছে। নিউ ইয়র্ক স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগ (Division of Consumer Protection) ঋণগ্রহীতাদেরকে শুধু বিশ্বস্ত সরকারি ওয়েবসাইটগুলো ব্যবহার করতে এবং ঋণ মওকুফের অযাচিত অফারের প্রতি সাড়া না দিতে মনে করিয়ে দিচ্ছে, কারণ সম্প্রতি ফেডারেল সরকারের ঋণ মওকুফ করার ঘোষণা দেওয়ার পরে শিক্ষার্থীদের ঋণ মওকুফ সম্পর্কিত স্ক্যাম বৃদ্ধি পেয়েছে।"

স্টেট সিনেটর কেভিন টমাস বলেন, "এটি একটি লজ্জাজনক ব্যাপার যে এই বহু প্রতীক্ষিত শিক্ষার্থীদের ঋণ পরিশোধের জন্য প্রদত্ত ফেডারেল ত্রাণ কর্মসূচি কেন্দ্রিক উদ্দীপনা ও চাহিদা স্ক্যামারদের জন্য সহায়তা প্রত্যাশী ব্যক্তিদের কাছ থেকে অন্যায় সুবিধা গ্রহণের একটি নতুন সুযোগ এনে দিয়েছে। সহায়তা প্রত্যাশী নিউ ইয়র্কবাসীদেরকে আমি সতর্ক থাকতে এবং শিক্ষার্থীদের ঋণ পরিশোধের জন্য প্রদত্ত ত্রাণ সম্পর্কিত তথ্য অ্যাক্সেস করার জন্য শুধু বিশ্বস্ত ".gov" ওয়েবসাইটগুলো ব্যবহার করতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য হার্ভে এপস্টেইন বলেন, "আমি নিউ ইয়র্কবাসীদেরকে শিক্ষার্থী ঋণ মওকুফ সম্পর্কিত স্ক্যামের ব্যাপারে সতর্ক থাকার জন্য সনির্বন্ধ অনুরোধ করছি। আরো বেশি নিউ ইয়র্কবাসীকে ঋণ মওকুফের সুবিধা প্রদান করার জন্য আমাদের লড়াই চালিয়ে যাওয়ার এই সময়ে, দুর্ভাগ্যবশত আমরা স্ক্যামারদেরকে ঋণগ্রহীতাদের কাছ থেকে অন্যান্য সুবিধা গ্রহণ করতে দেখছি। সুখবর হচ্ছে আপনার নিজেকে সুরক্ষিত রাখার উপায় রয়েছে। শিক্ষার্থীদের ঋণ মওকুফকে একটি অগ্রাধিকার হিসেবে গ্রহণ করায় এবং শিক্ষার্থী ঋণগ্রহীতাদেরকে স্ক্যামের শিকার হওয়া থেকে সুরক্ষিত রাখার জন্য পদক্ষেপ গ্রহণ করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

কোনো ভোক্তা নিজ উদ্যোগে নিষ্পত্তিতে পৌঁছাতে ব্যর্থ হলে একজন ভোক্তার এবং একটি ব্যবসা প্রতিষ্ঠানের মধ্যে মধ্যস্থতা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগ স্বেচ্ছামূলক দায়িত্ব পালন করে থাকে। ভোক্তা সহায়তা হেল্পলাইন 1-800-697-1220 সোমবার থেকে শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30টা পর্যন্ত, স্টেটের ছুটির দিন বাদে অন্য দিনগুলোতে, খোলা থাকে এবং ভোক্তাদের অভিযোগ যেকোনো সময় জমা দেওয়া যাবে https://dos.ny.gov/consumer-protection।

ভোক্তা সুরক্ষা সংক্রান্ত আরো পরামর্শের জন্য এই বিভাগকে সামাজিক যোগাযোগ মাধ্যমে অনুসরণ করুন টুইটারে (Twitter): @NYSConsumer এবং ফেসবুকে (Facebook): www.facebook.com/nysconsumer।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন